

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০২

তারিখ: ০৬ মাঘ ১৪২২  
১৯ জানুয়ারি ২০১৬

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**Guidelines on Stress Testing for Non-Banking Financial Institutions** সংশোধন প্রসঙ্গে

আর্থিক খাতে সুস্থতা এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করা এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহকে আরও আঘাত সহনীয় (shock resilient) করার লক্ষ্যে ১২ জুলাই ২০১২ তারিখে জারীকৃত ডিএফআইএম সার্কুলার নং ০৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২০১০ সাল থেকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে Stress Testing প্রতিবেদন ব্যাংকে প্রেরণ করে আসছে। বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ বিভিন্ন পর্যায়ের সংজ্ঞায়িত ব্যতিক্রমী কিন্তু সম্ভাব্য আঘাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের আঘাত সহনীয়তা পর্যবেক্ষণ করে থাকে।

বিদ্যমান “Guidelines on Stress Testing for Non-Banking Financial Institutions” টি অধিক কার্যকর ও সময়োপযোগী করার লক্ষ্যে নিম্নরূপ সংশোধন করা হলোঃ

**১. শীর্ষ বৃহৎ ঝণ্ডাহীতা খেলাপী হওয়ায় শ্রেণীবিন্যাসিত ঋণ বৃদ্ধি:**

আঘাতের বিভিন্ন পর্যায়ের প্রমাণ রূপরেখা একই থাকবে অর্থাৎ বৃহৎ ও ঝণ্ডাহীতা খেলাপী হওয়া (গৌণ আঘাত), বৃহৎ ঝণ্ডাহীতা খেলাপী হওয়া (মধ্যম আঘাত) এবং বৃহৎ ১০ ঝণ্ডাহীতা খেলাপী হওয়া (মুখ্য আঘাত)। তবে বিভিন্ন পর্যায়ের আঘাতের কারণে বৃহৎ ঝণ্ডাহীতাদের মধ্যে বিতরণকৃত ঋণ/লীজের ১০০% এর পরিবর্তে ৮০% ঋণ/লীজ খেলাপী হিসেবে ধরা হবে।

**২. সরকারি গ্যারান্টি ও দ্বিপক্ষীয় চুক্তিসহ হাইপোথিকেশনকে সহায়ক জামানত হিসেবে বিবেচনা করাঃ**

যেসকল আর্থিক প্রতিষ্ঠান বিশেষায়িত খাতে (নবায়নযোগ্য শক্তি, সৌর বিদ্যুৎ উৎপাদন প্রত্বিতি) ঋণ কার্যক্রম পরিচালনা করে থাকে, কেস-টু-কেস ভিত্তিতে তাদের প্রকল্পসমূহে সরকারের গ্যারান্টি ও দ্বিপক্ষীয় চুক্তিসহ হাইপোথিকেশনকে সহায়ক জামানত হিসেবে বিবেচনা করা যেতে পারে।

**৩. ভারিত অস্বচ্ছতা অনুপাত (Weighted Insolvency Ratio, WIR)** এর মানসমূহ নিম্নরূপে সংশোধিত হবেঃ

বিদ্যমান রূপরেখা	সংশোধিত রূপরেখা	মান	অঞ্চল
WIR < ১০%	WIR < ১৫%	১	সবুজ
১০% ≤ WIR < ২০%	১৫% ≤ WIR < ২৫%	২	
২০% ≤ WIR < ৪০%	২৫% ≤ WIR < ৪৫%	৩	হলুদ
৪০% ≤ WIR < ৬০%	৪৫% ≤ WIR < ৬০%	৪	
WIR ≥ ৬০%	WIR ≥ ৬০%	৫	লাল

উপরোক্ত সংশোধন মোতাবেক বিদ্যমান “Guidelines on Stress Testing for NBFIs” পরিবর্তিত হবে এবং গাইডলাইনের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। সংশোধিত **Excel based Reporting Format** সংশ্লিষ্ট সকলের জন্য বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে সংযোজন করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শাহ আলম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮